

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. তৃতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

### আরবী

عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: دَخَلْتُ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَرَأَيْتُهُ يُصَلِّي عَلَى حَصْيِرٍ يَسْجُدُ عَلَيْهِ. رَوَاهُ مُسْلِمٌ حَصِيرٍ يَسْجُدُ عَلَيْهِ. رَوَاهُ مُسْلِمٌ

#### বাংলা

৭৬৮-[১৫] আবূ সা'ঈদ আল্ খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর খিদমাতে উপস্থিত হলাম। দেখলাম, তিনি একটি মাদুরের উপর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছেন, তার উপরই সিজদা (সিজদা/সেজদা) দিচ্ছেন। তিনি [আবূ সা'ঈদ আল্ খুদরী (রাঃ)] বলেন, আমি দেখলাম তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এক কাপড় পরিধান করেই বিপরীত দিক হতে কাঁধের উপর পোঁচিয়ে সালাত আদায় করছেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫১৯, ইবনু মাজাহ্ ১০৪৮।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাটাই বা মাদুরের উপর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছিলেন। এর দ্বারা প্রমাণিত হয় যে, মাটি এবং মুসল্লীর মাঝে কোন বস্তু যেমন- কাপড়, চাটাই, পশম, চুল বা অন্য কিছু প্রতিবন্ধকতা সৃষ্টি করে তাহলেও সালাত বৈধ হবে।

আরো প্রমাণ হয় যে, গরম বা ঠাণ্ডা বা এ জাতীয় কোন সমস্যা ছাড়া মাটির উপর সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা সর্বাধিক উত্তম। কারণ সালাতের নিগুঢ় রহস্য হচ্ছে বিনয়, নম্রতা, নতি ও বশ্যতা স্বীকার করা। আর বিনয়ী হওয়ার জন্য মাটিই অধিকতর উপযোগী।

মুতাওয়াশশিহান অর্থাৎ- কাপড়ের দুই প্রান্ত বিপরীত দিক হতে কাঁধের উপর ফেলে। তাওয়াশশুহ পদ্ধতি হলো,



ডান কাঁধের উপর ফেলা কাপড়ের মাথাকে বাম হাতের নিচ দিয়ে এনে এবং বাম কাঁধের উপর ফেলা কাপড়ের মাথাকে ডান হাতের নিচ দিয়ে এনে বুকের উপর বাঁধা। এতে করে কাপড়টা ইযার বা লুঙ্গি এবং চাদরের বিকল্প হয়ে যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন